

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯৩৩

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - মু'জিযার বর্ণনা

اَلْفصْلُ التَّنِفْ (بَابِ فِي المعجزا)

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِتَمَرَاتٍ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ ادْعُ اللَّهَ فِيهِنَّ بِالْبَركَةِ فَقَالَ خَذَهْن واجعلهن فِي مِزْوَدِكَ كُلَّمَا أَرَدْتَ أَنْ تَأْخُذَ مِنْهُ شَيْئًا فَأَدْخِلْ فِيهِ يَدَكَ فَخُذْهُ وَلَا تَنْثُرْهُ نَثْرًا فَقَدْ حَمَلْتُ مِنْ ذَلِكَ كُلَّمَا أَرَدْتَ أَنْ تَأْخُذَ مِنْهُ شَيْئًا فَأَدْخِلْ فِيهِ يَدَكَ فَخُذْهُ وَلَا تَنْثُرْهُ نَثْرًا فَقَدْ حَمَلْتُ مِنْ ذَلِكَ التَّمْرِ كَذَا وَكَذَا مِنْ وَسْقٍ فِي سَبِيلِ اللَّهِ فَكُنَّا نَأْكُلُ مِنْهُ وَنُطْعِمُ وَكَانَ لَا يُفَارِقُ حَقْوِي حَتَّى كَانَ يَوْمُ قَتْلِ عُتْمَانَ فَإِنَّهُ انْقَطَعَ. رَوَاهُ التِّرْمِذِي

اسناده حسن ، رواه الترمذى (3839 وقال : حسن غريب) ـ (صَحِيح)

#### বাংলা

ক্ষেত্ত-[৬৬] আবৃ হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি অল্প কয়েকটি খেজুর রাসূলুল্লাহ (সা.)
-এর কাছে নিয়ে এসে বললাম, হে আল্লাহর রাসূল! আল্লাহর কাছে দু'আ করুন যেন এগুলোর মাঝে বরকত হয়।
তখন তিনি (সা.) খেজুরগুলো হাতে নিলেন। অতঃপর সেগুলোর মাঝে আমার জন্য বরকতের দু'আ করলেন।
তারপর বললেন, এগুলো নিয়ে যাও এবং তোমার খাদ্য-থিলির মাঝে রেখে দাও। যখনই তুমি থিলি হতে কিছু নিতে
চাবে, তখনই তার ভিতরে হাত ঢুকিয়ে নেবে। তবে কখনো থিলটিকে ঝেড়ে খালি করবে না।
[আবৃ হুরায়রাহ (রাঃ) বলেন,] আমি সে খেজুর হতে এত এত 'ওয়াসাক' পরিমাণ আল্লাহর রাস্তায় খরচ করেছি।
এতদ্বিন্ন তা হতে আমরা নিজেরাও খেয়েছি এবং অন্যান্যকেও খাওয়েছি। আর উক্ত থিলটি কখনো আমার কোমর
হতে আলাদা হত না। পরিশেষে 'উসমান (রাঃ)-এর শাহাদাতের দিন সেই থিলটি কোথাও খুলে পড়ে যায়।
(তিরমিযী)

# ফুটনোট



সনদ হাসান: তিরমিয়ী ৩৮৩৯, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৯৩৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটির শেষ বাক্য দ্বারা জানা যায় যে, যখন ফিতনাহ্ ছড়িয়ে পড়ে তখন বরকত উঠে যায়। আর মনের দুঃখে আবূ হুরায়রাহ্ (রাঃ) বলতেন, (الناس هم ولي همان بينهم هم الجر اب وهم الشيخ عثبانا) অর্থাৎ মানুষের জন্য একটি দুঃখ, কিন্তু আমার দুঃখ দু'টি- একটি হলো আমার থিল হারানো আর দ্বিতীয়টি হলো মহামান্য খলীফাহ্ 'উসমান (রাঃ)-কে হারানো। (মিরকাতুল মাফাতীহ, মাযাহিরে হাক ৭ম খণ্ড, ১৬১ পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন